মুসলিমের ওপর অপর মুসলিমের অধিকার ছয়টি: তুমি তার সঙ্গে সাক্ষাৎ করলে তাকে সালাম দাও, সে তোমাকে দাওয়াত দিলে তার দাওয়াত গ্রহণ কর, সে তোমার কাছে উপদেশ চাইলে তুমি তাকে উপদেশ দাও, সে হাঁচি দিয়ে ‘আলহামদুলিল্লাহ’ বললে তার জবাব দাও, সে অসুস্থ হলে তাকে দেখতে যাও এবং সে মারা গেলে তার জানাযায় অংশ গ্রহণ কর।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত, “মুসলিমের ওপর অপর মুসলিমের অধিকার ছয়টি: তুমি তার সঙ্গে সাক্ষাৎ করলে তাকে সালাম দাও, সে তোমাকে
দাওয়াত দিলে তার দাওয়াত গ্রহণ কর, সে তোমার কাছে উপদেশ চাইলে তুমি তাকে উপদেশ দাও,
সে হাঁচি দিয়ে ‘আলহামদুলিল্লাহ’ বললে তার জবাব দাও, সে অসুস্থ হলে তাকে দেখতে যাও এবং
সে মারা গেলে তার জানাযায় অংশ গ্রহণ কর।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

ইসলাম মহব্বত, ভ্রাতৃত্ব ও বন্ধুত্বের দীন; ফলে ইসলাম এসব ব্যাপারে সর্বাধিক উৎসাহ এবং আগ্রহ দেখায়। এ কারণেই যেসব কারণসমূহ এ ধরণের মহান লক্ষ্যকে বাস্তবায়ন করে তার প্রচলন ইসলাম করেছে। এসব লক্ষ্যসমূহের গুরুত্বপূর্ণ হলো মুসলিম জনগণের মাঝে সামাজিক দায়িত্বগুলো আদায় করা। যেমন, সালামের প্রসার করা, দাওয়াতে সাড়া দেওয়া, পরামর্শে ভালো উপদেশ দেওয়া, হাঁছির উত্তর দেওয়া, অসুস্থকে দেখতে যাওয়া এবং জানাযায় উপস্থিত হওয়া।

https://sunnah.global/hadeeth/bn/show/5343